



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd



ঢাশিবো/বি/১৫৫/ঢাকা/দ: /২৮

তারিখ: ২০/০১/২০২২

বিষয়: সহকারী প্রধান শিক্ষকের দায়িত্ব হস্তান্তর প্রসঙ্গে।

- সূত্র: ১. শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- শিম/শা: ১১/৩-৯/২০১১/২৫৬ তারিখ ০৬-০৬-২০১১
 ২. শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- শিম/শা: ১১/৩-৯/২০১১/৪৮৪ তারিখ ০৯-০৭-২০১২
 ৩. শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-১২-০৬-২০১৮ তারিখের ৩৭.০০.০০০০.০৭৪.০৩০.০০১.২০১৭.২৪৫
 ৪. বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবলকাঠামো এম.পি.ও. নীতিমালা-২০২১
 ৫. মো: হুমায়ুন কবীর, সিনিয়র শিক্ষক এর ১৮/১১/২০২১ তারিখের আবেদন

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে, ঢাকা মহানগরীর লালবাগ থানাধীন আজিমপুরছ “ওয়েস্ট এন্ড হাই স্কুল” দিবা শাখার ভারপ্রাপ্ত সহকারী প্রধান শিক্ষক জনাব মো: মোশারেফ হোসেন, ইনডেক্স:২৭৪৫৩৬ (জন্ম তারিখ: ২৫-১০-১৯৬১ খ্রি:) এর চাকুরি মেয়াদ গত ২৪-১০-২০২১ তারিখ ৬০ (ষাট) বছর পূর্ণ হয়েছে। সূত্রোক্ত (১) হতে (৩) ক্রমিকে উল্লিখিত শিক্ষা মন্ত্রণালয়ের জারিকৃত পরিপত্র অনুযায়ী সর্বশেষ বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবলকাঠামো ও এম.পি.ও. নীতিমালা-২০২১ এর অনুচ্ছেদ ১১.১১ অনুযায়ী সহকারী প্রধান শিক্ষক হিসাবে জনাব মো: মোশারেফ হোসেন এর চাকুরির মেয়াদ বৃদ্ধির কোন সুযোগ নেই।

বিদ্যালয়টিতে বর্তমানে সহকারী প্রধান শিক্ষকের পদ শূন্য হওয়ায়, বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবলকাঠামো ও এম.পি.ও. নীতিমালা-২০২১ এর ১৩ (জ্যেষ্ঠতা ও অভিজ্ঞতা নির্ধারণ) অনুচ্ছেদ অনুসরণ পূর্বক উক্ত বিদ্যালয়ে বর্তমানে এম.পি.ও ভুক্ত শিক্ষকদের মধ্যে জ্যেষ্ঠতম সহকারী শিক্ষক-কে দায়িত্ব হস্তান্তর করে প্রয়োজনীয় তথ্যাদি সহ বোর্ডকে আগামী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

বিষয়টি জরুরী বিধায় আপনার সহযোগিতা প্রয়োজন।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বাঃ

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

প্রাপক

i) সভাপতি

ম্যানেজিং কমিটি

ওয়েস্ট এন্ড হাই স্কুল, আজিমপুর, লালবাগ, ঢাকা।

ii) প্রধান শিক্ষক


ওয়েস্ট এন্ড হাই স্কুল, আজিমপুর, লালবাগ, ঢাকা।

মেমো নং- ২৮(৮)

তারিখ: ২০/০১/২০২২

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৩। মহাপরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত্র, ঢাকা।
- ৪। জেলা প্রশাসক, ঢাকা।
- ৫। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।
- ৬। জেলা শিক্ষা অফিসার, ঢাকা।
- ৭। পি,এস টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৮। অফিস কপি।


 ২০/০১/২০২২
 বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

